দৈনিক বাংলা

তারিখ 20 MAR 1995

পৃষ্ঠা ১ কলাম ৪

33

# আইডিয়াল স্কুল অনির্দিষ্টকালের জন্য বন্ধ

**স্টাফ রিপোর্টার ঃ** রাজধানীর আইডিয়াল স্কুল এন্ড কলেজ আজ সোমবার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

স্কুলের প্রিন্সিপাল ইনচার্জ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে গতকাল জানানো হয়, সার্বিক নিরাপত্তা বজায় রেখে প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম চালিয়ে যাওয়া কোন অবস্থাতেই সম্ভব হচ্ছে না দেখে এই সিদ্ধান্ত নেয়া হয়।

স্কুলের সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকা এবং কর্মচারীবৃন্দকে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া 'স্টেশন লিভ' না করার জন্য বলা হয়েছে।

প্রেস বিজ্ঞপ্তিতে আইডিয়াল স্কুলের বর্তমান সংকটের একটি বিবরণ তুলে ধরা হয়। এতে বলা হয়, পূর্বঘোষিত সংশ্লিষ্ট সবপক্ষের যৌথ সিদ্ধান্ত অনুযায়ী চলতি

(৮-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## আইডিয়াল স্কুল

(প্রথম পৃষ্ঠার পর)

বছর থেকে ভর্তির ব্যাপারে কলোনী কোটা বাদ দেয়ার পর থেকে কিছু লোক আন্দোলন করছে। স্থানীয় কলোনীর কোটা পুনর্বহালের দাবিতে গত ২ মাস থেকে কথিত কল্যাণ পরিষদ মিছিল-মিটিং করে শিক্ষা প্রতিষ্ঠানের সুষ্ঠু পরিচালনা ব্যাহত করে আসছে। গত শনিবার গবর্নিং বডির সভাপতির উপস্থিতিতে অভিভাবক ফোরাম, কলোনী কল্যাণ পরিষদ ও গবর্নিং বডির যৌথ সভা বসে কিন্তু তথাকথিত আন্দোলনকারীরা অধ্যক্ষের কক্ষ, বিদ্যালয় অঙ্গন ও আশপাশে চরম নৈরাজ্যকর অবস্থার সৃষ্টি করে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকদের হুমকি প্রদান করতে থাকায় পরিস্থিতির সার্বিক অবনতি ঘটে।